

# **AKASHVANI (AIR)**

**RNU : KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date: 20.10.2024**

**Time: 7.35 A.M.**

**বিশেষ বিশেষ খবর -**

- ১) ৬-টি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের জন্য চলতি মাসে রাজ্যে আসছে ৮৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী। ৬-টি আসনে প্রার্থীদের নাম ঘোষণা বিজেপির।
- ২) ন্যায় বিচার ও ১০ দফা দাবিতে আন্দোলনরত জুনিয়ার ডাক্তারদের ফের বৈঠকে বসার প্রস্তাব দিয়েছে রাজ্য সরকার। বেঁধে দেওয়া হয়েছে বেশকিছু শর্ত।
- ৩) নদীয়ার কৃষ্ণনগরে তরঙ্গী মৃত্যুর ময়না তদন্ত রিপোর্ট পুলিশের কাছে জমা পড়েছে।
- ৪) নতুন দিল্লিতে কর্মযোগী সঞ্চাহ-র সূচনা করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।
- ৫) আন্দামান সাগরে কেন্দ্রীভূত ঘূর্ণাবর্ত্তি আগামীকাল নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। দুর্ঘাগের পূর্বাভাষ থাকায় উপকূলবর্তী জেলাগুলিকে সতর্ক থাকতে বলেছে রাজ্য সরকার।
- ৬) আই এস এল ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট ২-০ গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের ৬ বিধানসভা কেন্দ্রে উপ নির্বাচনের জন্য চলতি মাসেই ৮৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে। প্রথম দফায় ৮৯ কোম্পানী বাহিনী পাঠানো হচ্ছে।  
বাহিনীতে                    থাকছে                    ২৪                    কোম্পানি CRPF, ৩০                    কোম্পানি BSF, ১২  
কোম্পানি CISF। IIBP থাকবে ১০ কোম্পানি, SSB থাকবে ১৩ কোম্পানি। এর আগেও রাজ্যের একাধিক উপনির্বাচনেও কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থেকেছে। চলতি মাসের ২৫ তারিখের মধ্যেই বাংলার ৬টি কেন্দ্রে পৌঁছে যাবে কেন্দ্রীয় বাহিনী।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে ৬-টি বিধানসভা আসনের উপ-নির্বাচনে বিজেপি প্রার্থীদের নাম ঘোষণা করেছে। কোচবিহারের সিতাই তপশিলি আসনে প্রার্থী হচ্ছেন দীপক কুমার রায়, আলিপুরদুয়ারের মাদারিহাট উপ-জাতি আসনে রাহুল লোহার, উত্তর ২৪ পরগনার নৈহাটি আসনে রূপক মিত্র এবং হাড়োয়া আসনে বিমল দাস প্রতিদ্বন্দ্বিতা করবেন। মেদিনীপুর বিধানসভা আসনে প্রার্থী হচ্ছেন শুভজিৎ রায়।

অন্যদিকে, বাঁকুড়ার তালডাংরা আসনে অনন্যা রায় চক্ৰবৰ্তী প্রার্থী হয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০

ন্যায় বিচার ও ১০ দফা দাবিতে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের আরো একবার বৈঠকে বসার প্রস্তাব দিয়েছে রাজ্য সরকার। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগামীকাল বিকেল পাঁচটায় নবান্নে তদের বৈঠকে ডেকেছেন। তবে বৈঠকে বসার আগে অনশন আন্দোলন প্রত্যাহার করতে হবে জুনিয়র ডাক্তারদের। মুখ্য সচিব মনোজ পন্থ গত সন্ধ্যায় জুনিয়র চিকিৎসকদের ই-মেইল করে নবান্ন সংলগ্ন সভাঘরে বৈঠকে যোগ দেওয়ার আহ্বান জানিয়েছেন। তবে কয়েকটি ‘শর্ত’ বেঁধে দেওয়া হয়েছে আন্দোলনকারীদের। বৈঠকে জুনিয়র ডাক্তারদের ১০ জন প্রতিনিধি থাকবেন। কারা কারা থাকবেন, তদের নাম ইমেল করে আগে জানাতে হবে নবান্নকে। বৈঠক শুরুর অন্তত আধুনিক আগে (বিকেল সাড়ে ৪টে) নবান্নে পৌঁছতে হবে জুনিয়র ডাক্তারদের। আলোচনার জন্য বরাদ্দ করা হয়েছে ৪৫ মিনিট। পাশাপাশি আগামী মার্চ মাসের মধ্যে রাজ্যের সব মেডিকেল

কলেজ হাসপাতালে ছাত্র সংসদ নির্বাচন হবে বলে মুখ্যমন্ত্রী আশ্বাস দিয়েছেন বলেও মুখ্যসচিব ই-মেলে জানিয়েছেন।

উল্লেখ্য, সোমবারের মধ্যে দাবি পূরণ না হলে চিকিৎসকদের ধর্মঘটের ভাঁশিয়ারির পরই গতকাল দুপুরে, ধর্মতলায়, চিকিৎসকদের অনশন মধ্যে যান মুখ্য সচিব মনোজ পন্থ ও স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী। মুখ্য সচিবের ফোনে, চিকিৎসকদের সঙ্গে দীর্ঘ সময় কথা বলেন মুখ্যমন্ত্রী। রাজ্য সরকার অনেকগুলি দাবি ইতমধ্যেই মেনে নিলেও স্বাস্থ্য সচিবের অপসারণ সম্ভব নয় বলে স্পষ্ট জানিয়ে দিয়েছেন মুখ্যমন্ত্রী। ডাক্তারদের নিরাপত্তার দাবির প্রশ্নে মমতা ব্যানার্জি বলেন, আদালতে মামলার কারণে পুলিশ কর্মী নিয়োগ করা এখনই সম্ভব হচ্ছে না। অনশনরত ডাক্তারদের, আন্দোলন প্রত্যাহার করে কাজে ফেরার আবেদন জানিয়েছেন তিনি।

(বাইট - মমতা)

এদিকে, ১০ দফা দাবির প্রত্যেকটি মেনে নেওয়া হলে তবেই তারা কাজে ফিরবেন বলে জানিয়েছেন জুনিয়ার ডাক্তাররা। এক সাংবাদিক বৈঠকে অনশনরত ডাক্তার রঞ্মেলিকা কুমার বলেন, তাঁরাও কাজে ফিরতে চান। কিন্তু দাবি - দাওয়া মেনে নিয়ে নির্দেশিকা জারি করতে হবে। আলোচনায় তারা খুশি নন বলেও স্পষ্ট করেছেন তিনি।

(বাইট - রঞ্মেলিকা)

এদিকে, সুবিচারের দাবিতে চিকিৎসকরা গতকাল ন্যায় বিচার যাত্রার ডাক দেন। পানিহাতির এইচ বি টাউন মোড় থেকে ধর্মতলায় অনশন মধ্যে পর্যন্ত ন্যায়বিচার যাত্রা চলে। আজও মহামিছলের আহ্বান জানানো হয়েছে।

রাজ্য সরকার সব সময় দুর্নীতিগ্রস্তদের পাশে দাঁড়িয়েছে বলে সিপিআইএম অভিযোগ করেছে। দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী গতকাল বলেন

(বাইট- সুজন)

০০০০০০০০০০০০০০০০০০০

চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের সুরক্ষায় রাত্রিরের সাথী প্রকল্পের আওতায় পরিকাঠামো উন্নয়নের কাজ শেষ করার জন্য সময়সীমা বেঁধে দিয়েছে রাজ্য সরকার। আর জি কর বাদে রাজ্যের ২৮ টি মেডিকেল কলেজ ও হাসপাতালগুলিতে ২৫ শে অক্টোবরের মধ্যে বকেয়া কাজ সম্পূর্ণ করতে হবে। আর জি করে আগামী ৩১ শে অক্টোবর পর্যন্ত কাজ শেষ করার সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। মুখ্য সচিব মনোজ পন্তের সঙ্গে স্বাস্থ্য, পূর্ত সহ বিভিন্ন দপ্তরের বৈঠকের পরই এই সময়সীমা নির্দিষ্ট করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কৃষ্ণনগরের তরুণী মৃত্যুর ময়নাতদন্ত রিপোর্ট কল্যাণী কলেজ অফ মেডিসিন জে এন এম হাসপাতালের তরফ থেকে গতকাল জেলা পুলিশের কাছে জমা পড়েছে। তাতে মৃত্যুর কারণ অগ্নিসংযোগ বলেই জানা গেছে। পাশাপাশি ওই তরুণীর গায়ে কোনরকম আঘাতের চিহ্ন পাওয়া যায়নি বলেও পুলিশ সূত্রে জানানো হয়েছে।

ফরেঙ্গিক বিশেষজ্ঞদের একটি দল গতকালও ঘটনাস্থলে যান। কৃষ্ণনগর পুলিশ জেলার অতিরিক্ত পুলিশ সুপারকে সঙ্গে নিয়ে তারা এলাকা ঘুরে দেখেন।

বিজেপি কৃষ্ণনগরে কিশোরীকে নির্যাতন ও হত্যার ঘটনায় কেন্দ্রীয় সংস্থাকে দিয়ে নিরপেক্ষ তদন্তের দাবি জানিয়েছে। গতকাল সেখানে একটি প্রতিবাদ মিছিলে অংশ নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, আসল ঘটনা ধামাচাপা দেওয়ার চেষ্টা চলছে।

(বাইট - শুভেন্দু)

সেভ ডেমোক্রেসি সংগঠনের পক্ষ থেকে একটি প্রতিনিধি দল গতকাল মৃতার পরিবারের সঙ্গে সাক্ষাৎ করেন। পরিবারটিকে আইনী সহায়তা দেবারও প্রতিশ্রুতি দিয়েছেন তারা।

০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুন দিল্লির ডক্টর আস্বেদকর ইন্টার ন্যাশনাল সেন্টারে কর্মযোগী সপ্তাহ, ন্যাশনাল লার্নিং উইক-এর সূচনা করেছেন। অনুষ্ঠানে বক্তৃব্য

রাখতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, মিশন কর্মযোগীর লক্ষ্যই হলো মানব সম্পদকে দেশের উন্নয়নে চালিকা শক্তি হিসেবে কাজে লাগানো।

শ্রী মোদী বলেন, সিভিল সার্ভেন্ট বা জন প্রশাসনের সঙ্গে যুক্ত ব্যক্তিদেরকে সাম্প্রতিকতম প্রযুক্তি সম্পর্কে ওয়াকিবহাল হতে হবে। মিশন কর্মযোগী এই ক্ষেত্রে তাদের সহায়ক হবে।

00000000000000000000

মধ্য আন্দামান সাগরে কেন্দ্রীভূত ঘূর্ণাবর্তটি আগামীকাল নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা। সেটি ক্রমশ উত্তর-পশ্চিম দিকে এগিয়ে যাওয়ার সম্ভাবনা। এর প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতে হাঙ্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ রয়েছে। বেশ কয়েকটি অঞ্চলে ভারী বৃষ্টি হতে পারে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দফতরের অধিকর্তা হবিবুর রহমান বিশ্বাস।

(বাইট - হবিবুর)

00000000000000000000

গভীর নিম্নচাপ ও ঘূর্ণাবর্তের জেরে আগামী সপ্তাহে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় দূর্ঘাগের পূর্বাভাষ থাকায় রাজ্য সরকার সমুদ্র উপকূলবর্তী সব জেলা প্রশাসনকে সতর্ক থাকার নির্দেশ দিয়েছে। দূর্বল নদী বাঁধের উপরে নজরদারি রাখা ছাড়াও সমুদ্র বা নদীতীরবর্তী এলাকায় বসবাসকারী মানুষদের সচেতন করতে মাইকিং করা ছাড়াও প্রয়োজনে নিরাপদ স্থানে সরিয়ে নিয়ে যাওয়ার জন্যে মুখ্যসচিব মনোজ পন্থ দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর সহ অন্যান্য জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রে জানা গিয়েছে। পর্যাপ্ত আন সামগ্রী মজুত রাখার কথা বলা হয়েছে।

00000000000000000000

কোভিড অতিমারিয়ার ধাক্কা কাটিয়ে ফের ছন্দে ফিরেছে সুন্দরবন। জলভূমি ও অরণ্যের সৌন্দর্য উপভোগ করতে দলে দলে সেখানে যাচ্ছেন পর্যটকরা। একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট – অভিনন্দন)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের সবং থানার তেমুয়া এলাকায় গতকাল দুপুরে বাড়িসংলগ্ন পুকুরের জলে পড়ে গিয়ে দুই শিশুকন্যার মৃত্যু হয়েছে। পায়েল ভুঁইয়া ও পূর্ণিমা অধিকারী নামে ঐ দুটি শিশু বাড়ির উঠোনে খেলার সময় পুকুরের জলে পড়ে যায় পরে তাদের দেহ ভেসে ওঠে। পরিবারটিতে শোকের ছায়া নেমে এসেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙনে এবারের আইএসএলের প্রথম ডার্বি ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট গতকাল ২-০ গোলে ইস্টবেঙ্গলকে হারিয়ে দিয়েছে। ম্যাচের ৪১ মিনিটে জেমি ম্যাকলারেন ও ৮৯ মিনিটে পেনাল্টি থেকে দিমিত্রি পেত্রাতোস গোল করেন। এই জয়ের ফলে মোহনবাগান ৫ ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে লিগতালিকায় দ্বিতীয় স্থানে উঠে এলো। ইস্টবেঙ্গল সমসংখ্যক ম্যাচ খেলে সবকটিতেই পরাজিত হয়ে ১৩ দলের লিগে সবশেষেই রইলো।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০